৩।	পরিদর্শনকৃত বিদ্যুৎ কেন্দ্রের নাম ও অবস্থান	:	মিরসরাই ১৫০ (±১০%) মেঃওঃ ডুয়েল ফুয়েল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প।
৪।	পরিদর্শনের তারিখ	:	২৩/১০/২০২০ খ্রিঃ।
৫।	পরিদর্শনের সার-সংক্ষেপ	:	

নিম্ন-স্বাক্ষরকারী কর্তৃক ২৩ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে মিরসরাই ১৫০ (±১০%) মেঃওঃ ডুয়েল ফুয়েল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ অপরাপর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

- ইঞ্জিন, জেনারেটর, সকল অক্সিলারি মডিউল, ২৩০ কেভি ট্রান্সমিশন লাইন, মেইন ও অক্সিলিয়ারি ট্রান্সফরমারসমূহ, ২৩০ কেভি সুইচইয়ার্ডের সকল মালামাল, Ventilation system, Exhaust gas silencer, Charge Air Duct, রেডিয়েটর, বয়লার, এবং চিমনী স্ট্যাক স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে।

- অয়েল ট্যাঙ্ক এরিয়ার সকল ফুয়েল ট্যাঙ্কসমূহের calibration, ট্যাঙ্কে ইনসুলেশন শীট ও ফুয়েল আনলোডিং pump মডিউল স্থাপনের কাজ, কন্ট্রোল রুম, রিলে রুম, ১১ কেভি সুইচগিয়ার রুম ও LV সুইচগিয়ার রুমের প্যানেল ও কম্প্রেসর মেশিন স্থাপন কাজ সম্পন্ন।

- ওয়ার্কশপ ও ওয়্যারহাউজ, ওয়াটার ট্রিটমেন্ট হাউজ, ফুয়েল ট্রিটমেন্ট হাউস, অ্যাডমিনিস্ট্রেশন বিল্ডিং এবং ডরমিটরি বিল্ডিংয়ের ফাউন্ডেশনসহ স্ট্রাকচার নির্মাণকাজ সম্পন্ন করা হয়েছে।

- অল্টারনেটরসমূহ অ্যালাইন্টমেন্টের জন্য প্রস্তুতিমূলক কাজ, জেনারেল ইলেকট্রিফিকেশন, ওয়াল শীট, পাইপ লাইন, ক্যাবল ট্রে ও প্ল্যাটফর্ম ইন্সটলেশন এবং ইঞ্জিন ক্লিনিং ও হাইড্রো টেস্টের কাজ চলমান। সুইচ ইয়ার্ডের ইক্যুপমেন্টসমূহ Pre-commissioning ও টেস্টিংয়ের কাজ চলমান। ১১ কেভি সুইচগিয়ার ও কন্ট্রোলরুমে ক্যাবল laying ও Termination, Relay setting এবং ভেন্টিলেশনের কাজ এর কাজ চলমান।

- Exhaust Duct fabrication ও ইনসুলেশন শীট স্থাপনের কাজ চলমান। ফুয়েল ট্রিটমেন্ট রুম এবং ইঞ্জিন হল অক্সিলারি এরিয়ায় পাইপ স্থাপন ও ওয়েল্ডিং এর কাজ চলমান। ফোম ফায়ার ফাইটিং ও গ্যাস RMS এর কন্ট্রোলরুম নির্মাণ কাজ চলমান। প্ল্যান্ট জুড়ে ড্রেন ও রাস্তা নির্মাণ কাজসহ অ্যাডমিন ও ডরমিটরি বিল্ডিংয়ের ডেকরেশনের কাজ চলমান।

- বিদ্যুৎ কেন্দ্রটি জানুয়ারি ২০২১ নাগাদ বানিজ্যিক উৎপাদনে যাবে বলে আশা করা যায়।

- বিভিন্ন ইক্যুইমেন্টের প্রি-কমিশনিং/কমিশনিং ও টেস্টিং করত: Power Backfeed এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইপিসি ঠিকাদারকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

- যথাযথ সুপারভিশনের মাধ্যমে কাজের গুনগত মান রক্ষা করা, প্রকল্পে কর্মরত সকলের নিরাপত্তা নিশ্চিত করা এবং ঠিকাদারের সাথে সম্পৃক্ত থেকে নিবিড়ভাবে কাজ তদারকিপূর্বক নির্মাণকাজে গতিশীলতা আনয়নের জন্য প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে নিষ্ঠা, দায়িত্বশীলতা ও আন্তরিকতার সাথে কাজ করার পরামর্শ প্রদান করা হয়েছে।

তাছাড়া মিরসরাই-ফেনী অর্থনৈতিক অঞ্চলে ১৮০০ মেঃওঃ গ্যাস/ এলএনজি ভিত্তিক কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য বেজা কর্তৃক আরপিসিএল এর অনুকূলে দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রদানকৃত ৫০ একর জমির এলাকা পরিদর্শন করা হয়। উল্লেখিত জমির দখল বুঝে নেয়ার প্রক্রিয়া গ্রহণ করা হবে।

28/10/2020

(প্রকৌশলী মোঃ সেলিম ভূঁইয়া, পিইঞ্জ)
নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল।

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ী # ১৯, রোড # ১বি, সেক্টর # ৯,
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ ।

বিষয়ঃ পরিদর্শন প্রতিবেদন।

১।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম	:	জনাব প্রকৌশলী মোঃ সেলিম ভূঁইয়া, পিইঞ্জ।
২।	পদবী	:	নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল।
৩।	পরিদর্শনকৃত বিদ্যুৎ কেন্দ্রের নাম ও অবস্থান	:	গজারিয়া ৩৫০(±১০%) মেঃ ওঃ কয়লাভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৪।	পরিদর্শনের তারিখ	:	২৫/০৯/২০২০ খ্রিঃ।
৫।	পরিদর্শনের সার-সংক্ষেপ	:	

নিম্ন-স্বাক্ষরকারী কর্তৃক ২৫ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে গজারিয়া ৩৫০(±১০%) মেঃ ওঃ কয়লাভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প এলাকার সাইট পরিদর্শন করা হয়।

পরিদর্শনকালে সাব-স্টেশন নির্মাণ সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর জেনারেল ম্যানেজার ও নির্বাহী প্রকৌশলী এর সাথে মতবিনিময় করা হয়।

- প্রকল্পের জন্য অধিগ্রহণকৃত ২৫২.৫৬ একর ভূমির উন্নয়ন কাজ গত ১৭.১১.২০১৮ খ্রিঃ তারিখে শুরু হয়ে ৩০/০৬/২০২০ খ্রিঃ তারিখে সম্পন্ন হয়েছে।

- গত ১৩.০৩.২০১৯খ্রিঃ তারিখে JV of MBEL-KTA-AEC এর সাথে বাঁধ নির্মাণ কাজের চুক্তি সম্পাদিত হওয়ার পর গত ০৫.০৪.২০১৯ খ্রিঃ তারিখে বাঁধ নির্মাণ কাজ শুরু করা হয়েছে। উক্ত প্রকল্পের Embankment/ Earth Protection এর কাজ জুন ২০২০ খ্রিঃ সম্পন্ন হয়েছে।

- পরামর্শক প্রতিষ্ঠান মর্ডান ইঞ্জিনিয়ার্স প্ল্যানার্স এন্ড কনসালটেন্ট লিঃ (এমইপিসিএল) কে কাজ সমূহ তদারকীর জন্য নিযুক্ত করা হয়।

- বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য বৈদ্যুতিক সুবিধা তৈরীর নিমিত্ত একটি ৩৩/১১ কেভি, ১০/১৪ এমভিএ উপকেন্দ্র এবং ৩৩ কেভি সোর্স লাইনসহ আনুসঙ্গিক কাজের জন্য কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর মাধ্যমে Turn Key Basis-এ জিওবি অর্থায়নে শুরু হয় এবং জুন ২০২০ খ্রিঃ মাসে উক্ত কাজ সম্পন্ন হয়েছে।

29/09/2020

(প্রকৌশলী মোঃ সেলিম ভূঁইয়া, পিইঞ্জ)
নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল।

Attachment : 8.2

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ী # ১৯, রোড # ১বি, সেক্টর # ৯,
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ ।

বিষয়ঃ গাজীপুর ১০৫ মেঃওঃ HFO পাওয়ার প্লান্ট ও গাজীপুর ৫২ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট পরিদর্শন প্রতিবেদন।

১।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম	:	জনাব মোঃ আবদুস সবুর।
২।	পদবী	:	ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল।
৩।	পরিদর্শনকৃত বিদ্যুৎ কেন্দ্রের নাম ও অবস্থান	:	গাজীপুর ১০৫ মেঃওঃ HFO পাওয়ার প্লান্ট ও গাজীপুর ৫২ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট, কড্ডা, গাজীপুর।
৪।	পরিদর্শনের তারিখ	:	২৯/০৯/২০২০ খ্রিঃ।
৫।	পরিদর্শনের সার-সংক্ষেপ	:	

নিম্ন-স্বাক্ষরকারী কর্তৃক ২৯ সেপ্টেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে গাজীপুর ১০৫ মেঃওঃ HFO পাওয়ার প্লান্ট ও গাজীপুর ৫২ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্লান্ট ইনচার্জসহ অন্যান্য কর্মকর্তা এবং নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার এর পিসি ও সিকিউরিটি সুপারভাইজারদের সাথে মতবিনিময় করা হয়।

- গাজীপুর ৫২ মেঃওঃ এবং গাজীপুর ১০৫ মেঃওঃ পাওয়ার প্লান্ট এর ইঞ্জিনসমূহ সচল আছে এবং NLDC এর চাহিদা মোতাবেক জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে।
- গাজীপুর ১০৫মেঃওঃ HFO ইঞ্জিনভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র এর ইপিসি ঠিকাদার এর সাথে নিয়মিত যোগাযোগপূর্বক পেন্ডিং কাজসমূহ সম্পন্নের জন্য প্ল্যান্ট ইনচার্জকে নির্দেশনা দেয়া হয়।
- কোম্পানীতে কর্মরত অনেক কর্মকর্তা/কর্মচারী ইতোমধ্যে কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছেন। বাংলাদেশে করোনা ভাইরাসে পাঁচ হাজারের উপরে মৃত্যুবরণ করেছে এবং আক্রান্তের সংখ্যা ইতোমধ্যে সাড়ে তিন লক্ষ ছাড়িয়েছে। উক্ত ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে অধিকতর সতর্কতা অবলম্বন এবং স্বাস্থ্য বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হয়।
- "Team Work is Our Energy" এই মন্ত্রে উজ্জীবিত হয়ে সকলকে কোম্পানীর অগ্রযাত্রায় একসাথে কাজ করার নির্দেশনা প্রদান করা হয়।
- প্লান্টের সার্বিক নিরাপত্তা বিধানের বিষয়টি গুরুত্বপূর্ণ বিধায় তা অগ্রাধিকার হিসেবে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে। Power Plant এর ভিজিলেন্স টিমের পাশাপাশি ডরমেটরী ভবনে বসবাসকারী কর্মকর্তাদের মাধ্যমে বিশেষ করে রাতের পালায় নিরাপত্তা ব্যবস্থা নিয়মিতভাবে মনিটরিং (যেমনঃ আনসার সদস্যবৃন্দ অস্ত্রসহ ডিউটিতে আছে কি-না, অথবা রোস্টার মোতাবেক পূর্ব নির্ধারিত স্থানে ডিউটিতে নিয়োজিত আছে কি-না এবং ওয়াচ টাওয়ারসমূহের পরিবেশ ঠিক আছে কি-না) ও নিশ্চিত করার জন্য Plant Incharge কে নির্দেশনা প্রদান করা হয়।
- তাছাড়া শিফট ইনচার্জ ও শিফটে নিয়োজিত কর্মকর্তাদের দিয়ে রাত্রিকালীন পালায়/ সাপ্তাহিক ছুটি/ সরকারি ছুটির দিন সমূহে বিদ্যুৎ কেন্দ্রের সিকিউরিটি পোস্ট সমূহ ও গেইট পরির্দশনের নির্দেশনা দেয়া হয়। এছাড়া বিদ্যুৎ কেন্দ্রের আইপি ক্যামেরাসমূহ সার্বক্ষনিক সচল রাখাসহ আইপি ক্যামেরাসমূহে ধারণকৃত দৈনন্দিন রেকর্ড পর্যালোচনাপূর্বক কোন অসংগতি পরিলক্ষিত হলে, তা তাৎক্ষনিকভাবে নিরসনে পদক্ষেপ গ্রহণের জন্য প্লান্ট ইনচার্জকে নির্দেশনা প্রদান করা হয়।
- পাওয়ার প্ল্যান্ট সমূহের নিরাপত্তা নিশ্চিত করার স্বার্থে অঙ্গীভূত আনসার সদস্য, প্রাইভেট সিকিউরিটি ও আরপিসিএল এর সিকিউরিটি সুপারভাইজারদের সাথে এবং স্থানীয় প্রশাসন (উপজেলা নির্বাহী অফিসার/থানার ওসি), জনপ্রতিনিধি (মেয়র/চেয়ারম্যান/কাউন্সিলর/মেম্বার/গণ্যমান্য ব্যক্তি) এর সাথে নিয়মিতভাবে সমন্বয়, যোগাযোগ ও সভা করার জন্য প্লান্ট ইনচার্জদের পরামর্শ প্রদান করা হয়।

(মোঃ আবদুস সবুর)
ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল।

রুরাল পাওয়ার কোম্পানী লিঃ
বাড়ী # ১৯, রোড # ১বি
সেক্টর # ৯, উত্তরা, ঢাকা ।

বিষয়ঃ পরিদর্শন প্রতিবেদন।

১।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম	:	মোঃ আশরাফ হোসেন।
২।	পদবী	:	প্রধান প্রকৌশলী (ওএন্ডএম), আরপিসিএল।
৩।	পরিদর্শনকৃত বিদ্যুৎ কেন্দ্রের নাম ও অবস্থান	:	ময়মনসিংহ ২১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার ষ্টেশন, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।
৪।	পরিদর্শনের তারিখ	:	০৬/০৯/২০২০ খ্রিঃ।
৫।	পরিদর্শনের সার-সংক্ষেপ	:	

- ❖ জিটি#৪-এর জেনারেটরের ক্রটিপূর্ণ রোটরটি সরেজমিনে পরিদর্শণ করা হয়।
- ❖ রোটরটি স্টেটর থেকে বাইরে এনে বিশেষ ব্যবস্থায় হীটিং ও টার্ণিং করা হচ্ছে দেখা যায়।
- ❖ পরিচালন ও রক্ষণাবেক্ষণ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে রোটরটির ক্রটি সম্পর্কে আলোচনা করা হয়। এতদবিষয়ে তাদের লিখিত বক্তব্য ও অন্যান্য তথ্য সংগ্রহ করা হয়।
- ❖ রোটরটি মেরামতের জন্য মনোনীত ঠিকাদারের স্থানীয় প্রতিনিধি প্রতিষ্ঠানের শীর্ষ-কর্মকর্তাগনের সাথে রোটরটির প্যাকিং ও শীপমেন্ট সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়।
- ❖ ওয়ার্ক-শপে গাদাগাদি করে বিভিন্ন ধরনের মালামাল রক্ষিত অবস্থায় দেখা যায় ।যা সুষ্ঠু ও নিরাপদ কর্ম-পরিবেশের উপযোগী নয় । এক্ষেত্রে নতুন ষ্টোরেজ স্পেস নির্মাণ সমস্যাটির সমাধান হতে পারে।
- ❖ প্লান্টের আম গাছগুলি বয়সজনিত কারণে খুবই নাজুক হয়ে পড়েছে দেখা যায় । পুরাতন গাছগুলি কেটে ক্রমান্বয়ে নতুন গাছ লাগানোর জন্য প্লান্ট ইনচার্জকে পরামর্শ দেয়া যেতে পারে।
- ❖ প্লান্টের নিরাপত্তা কর্মীদেরকে স্বস্বস্থানে সতর্ক অবস্থায় দায়িত্ব পালন করতে দেখা যায়।

৮/৯/2020
(মোঃ আশরাফ হোসেন))
প্রধান প্রকৌশলী (ওএন্ডএম)
আরপিসিএল।

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ী # ১৯, রোড # ১বি, সেক্টর # ৯,
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ ।

বিষয়ঃ <u>ময়মনসিংহ ২১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার স্টেশন পরিদর্শন প্রতিবেদন।</u>

১।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম	:	মোঃ আবদুস সবুর।
২।	পদবী	:	ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল।
৩।	পরিদর্শনকৃত বিদ্যুৎ কেন্দ্রের নাম ও অবস্থান	:	ময়মনসিংহ ২১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার স্টেশন, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।
৪।	পরিদর্শনের তারিখ	:	০২/১০/২০২০ খ্রিঃ।
৫।	পরিদর্শনের সার-সংক্ষেপ	:	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের সচিব ড. সুলতান আহমেদ ০২ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখে ময়মনসিংহ ২১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার স্টেশন পরিদর্শন করেন। পরিদর্শনকালে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও আরপিসিএল এর চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর চেয়ারম্যান, বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন), পিজিসিবি'র ব্যবস্থাপনা পরিচালক ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সচিব মহোদয়কে উক্ত পাওয়ার স্টেশন এবং ময়মনসিংহ ৪২০ মেঃওঃ ডুয়েল ফুয়েল (গ্যাস/এইচএসডি) কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পসহ আরপিসিএল এর সামগ্রিক কর্মকান্ড সম্পর্কে অবহিত করার জন্য এবং মতবিনিময় সভায় যোগদানের লক্ষ্যে নিম্ন-স্বাক্ষরকারী এবং নির্বাহী পরিচালক (প্রকৌশল) ০২ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখে ময়মনসিংহ গমন করেন।

- সচিব মহোদয় ময়মনসিংহ পাওয়ার স্টেশন সফরকালে নব-নির্মিত অভ্যর্থনা ভবনের উদ্বোধন ও প্ল্যান্টের অভ্যন্তরে বৃক্ষরোপণ করেন।
- পাওয়ার স্টেশনের বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা মনিটরিংসহ সকল স্থাপনা পরিদর্শন করেন।
- ময়মনসিংহ ৪২০ মেঃওঃ ডুয়েল ফুয়েল (গ্যাস/এইচএসডি) কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প এর সাইট পরিদর্শন করেন।
- অতঃপর বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাসহ আরপিসিএল এর কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় যোগদান করেন।
- ২০১৯-২০ অর্থবছরের শুদ্ধাচার পুরষ্কারের জন্য মনোনীত ময়মনসিংহ পাওয়ার স্টেশনের একজন কর্মকর্তাকে সার্টিফিকেট, ক্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থের চেক তুলে দেন।

মতবিনিময় সভার শুরুতে আরপিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে অত্র কোম্পানীর সামগ্রিক কর্মকান্ড সভাকে অবহিত করেন। তাছাড়া ময়মনসিংহ ৪২০মেঃওঃ (গ্যাস/এইচএসডি) কম্বাইন্ড সাইকেল পাওয়ার স্টেশন নির্মাণ প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করেন।

- ময়মনসিংহ ৪২০মেঃওঃ (গ্যাস/এইচএসডি) কম্বাইন্ড সাইকেল পাওয়ার স্টেশন নির্মাণ প্রকল্পের জন্য বিদ্যুৎ বিভাগের প্রশাসনিক অনুমোদনক্রমে ময়মনসিংহ জেলার শম্ভুগঞ্জ এর চর ঈশ্বরদিয়া ইউনিয়নে ১৬.৫ একর ভূমি আরপিসিএল এর নিজস্ব অর্থায়নে অধিগ্রহণ ও উন্নয়ন কাজ সম্পাদন করা হয়েছে।
- DoE কর্তৃক গত ০৩.০১.২০১৮ খ্রিঃ তারিখে প্রকল্পের অবস্থানগত ছাড়পত্র প্রদান ও ১৬.১০.২০১৮ খ্রিঃ তারিখে EIA অনুমোদন করা হয়েছে।
- পিজিসিবি কর্তৃক গত ০৯.০১.২০১৮ খ্রিঃ তারিখে প্রকল্পের পাওয়ার ইভাক্যুয়েশনের বিষয়ে নিশ্চয়তা প্রদান করা হয়েছে।
- অর্থ বিভাগ হতে গত ১৫.০১.২০১৮ খ্রিঃ তারিখে প্রকল্পে অর্থায়নের জন্য গৃহীতব্য ঋণের বিপরীতে রাষ্ট্রীয় গ্যারান্টির নীতিগত সম্মতি প্রদান করা হয়েছে।
- ডিজেল সরবরাহ ও পরিবহনের জন্য যথাক্রমে বিপিসি ও বাংলাদেশ রেলওয়ের পক্ষ হতে নীতিগত সম্মতি প্রদান করা হয়েছে।
- জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে গত ২৯.০৭.২০১৯ খ্রিঃ তারিখে গ্যাস সরবরাহের সম্মতি প্রদান করা হয়েছে।
- আলোচ্য প্রকল্পের চুক্তিপত্রের উপর আইন ও অর্থ মন্ত্রণালয়ে Vetting গ্রহণ স্বাপেক্ষে সর্বনিম্ন দরদাতা Harbin Electric International Company Ltd. এর সাথে বিগত ৩১.১০.২০১৯ খ্রিঃ তারিখে ১৪৫,৮১২,৯৮৯.০০ ইউরো ও ৭৯,১১,৭১,৯৬৬.০০ টাকা চুক্তিমূল্যে খসড়া EPC চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
- আলোচ্য প্রকল্পে অর্থায়নকারী প্রতিষ্ঠান Sumitomo Mitsui Banking Corporation (SMBC), Singapore এর সাথে ঋণ চুক্তি প্রক্রিয়াধীন।

আরপিসিএল কর্তৃক বাস্তবায়ন পরিকল্পনাধীন সকল প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদেরকে পরামর্শ প্রদান করা হয়।

(মোঃ আবদুস সবুর)
ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল।

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ী # ১৯, রোড # ১বি, সেক্টর # ৯,
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ ।

বিষয়ঃ গাজীপুর ১০৫ মেঃওঃ HFO পাওয়ার প্লান্ট ও গাজীপুর ৫২ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট পরিদর্শন প্রতিবেদন।

১।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম	:	প্রকৌশলী মোঃ সেলিম ভূঁইয়া, পিইঞ্জ।
২।	পদবী	:	নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল।
৩।	পরিদর্শনকৃত বিদ্যুৎ কেন্দ্রের নাম ও অবস্থান	:	গাজীপুর ১০৫ মেঃওঃ HFO পাওয়ার প্লান্ট ও গাজীপুর ৫২ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট, কড্ডা, গাজীপুর।
৪।	পরিদর্শনের তারিখ	:	১৮/১০/২০২০ খ্রিঃ।
৫।	পরিদর্শনের সার-সংক্ষেপ	:	

নিম্ন-স্বাক্ষরকারী কর্তৃক ১৮ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে গাজীপুর ১০৫ মেঃওঃ HFO পাওয়ার প্লান্ট ও গাজীপুর ৫২ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্লান্ট ইনচার্জসহ অপরাপর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। পরবর্তীতে গাজীপুর পাওয়ার প্ল্যান্টের সম্মেলন কক্ষে উপ-বিভাগীয় প্রকৌশলী ও তদুর্ধ্ব কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় এবং নিম্নোক্ত বিষয়ে আলোচনা করা হয়ঃ-

- গাজীপুর ৫২ মেঃওঃ এবং গাজীপুর ১০৫ মেঃওঃ পাওয়ার প্লান্ট এর ইঞ্জিনসমূহ সচল আছে এবং NLDC এর চাহিদা মোতাবেক জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে।
- প্ল্যান্টের চর্তুদিকে ড্রেনেজ লাইন নির্মাণের কাজ চলমান আছে। সিভিল বিভাগের লোকজনের মাধ্যমে তদারকী নিশ্চিত করা এবং গুণগতমান নিশ্চিত করার জন্য প্ল্যান্ট ইনচার্জকে নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া চলমান পূর্ত রক্ষণাবেক্ষণ কাজসমূহ দ্রুততম সময়ের মধ্যে শেষ করার জন্য প্ল্যান্ট ইনচার্জকে নির্দেশনা প্রদান করা হয়েছে।
- ফর্ক লিফট্, ওয়ার্কশপ এর মেশিনারিজ/টুলস এবং মেইন্টেন্যান্স স্পেয়ার পার্টস সমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক যেসকল কাজ সম্পন্ন করা হয় নাই; তার তালিকা প্রণয়ন পূর্বক ঠিকাদারী প্রতিষ্ঠানকে দ্রুততম সময়ের মধ্যে পত্র প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে।
- প্রকল্পের অসমাপ্ত কাজের সিডিউল প্রদান এবং কাজের গুনগতমান রক্ষার জন্য ইপিসি ঠিকাদারকে তাগিদ প্রদান করা হয়েছে।
- নিয়মিত রক্ষণাবেক্ষণ এর মাধ্যমে প্ল্যান্টের সর্বোচ্চ উৎপাদন নিশ্চিতকরণে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার জন্য সকল কর্মকর্তা-কর্মচারীর প্রতি উদাত্ত আহ্বান জানানো হয়।
- গাজীপুর ৫২ মেঃওঃ এবং ১০০ মেঃওঃ পাওয়ার প্ল্যান্টে স্থাপিত সোলার প্যানেল হতে পূর্ণমাত্রায় বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে নিয়মিত ভিত্তিতে পরিষ্কার-পরিচ্ছন্ন কার্য্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- ব্যক্তিগত নিরাপত্তার জন্য এবং কর্মক্ষেত্রে দুর্ঘটনা এড়াতে প্রয়োজন অনুযায়ী Personal Protective Equipment (PPE) বাধ্যতামূলকভাবে ব্যবহার করতে হবে। ব্যক্তিগত নিরাপত্তা এবং প্লান্ট ও মেশিনারীজসমূহের নিরাপত্তা নিশ্চিত করার স্বার্থে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্লান্ট ইনচার্জকে নির্দেশনা প্রদান করা হয়।
- বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য অঙ্গীভূত আনসার সদস্য, প্রাইভেট সিকিউরিটি ও আরপিসিএল এর সিকিউরিটি সুপারভাইজারদের সাথে এবং স্থানীয় প্রশাসন (উপজেলা নির্বাহী অফিসার/থানার ওসি), জনপ্রতিনিধি (মেয়র/চেয়ারম্যান/ কাউন্সিলর/মেম্বার/ গণ্যমান্য ব্যক্তি) এর সাথে নিয়মিতভাবে যোগাযোগ ও সভা করার জন্য প্লান্ট ইনচার্জকে পরামর্শ প্রদান করা হয়।

১৯/১০/২০২০

(প্রকৌশলী মোঃ সেলিম ভূঁইয়া, পিইঞ্জ)
নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল।

রুরাল পাওয়ার কোম্পানী লিঃ
বাড়ী # ১৯, রোড # ১বি
সেক্টর # ৯, উত্তরা, ঢাকা ।

বিষয়ঃ পরিদর্শন প্রতিবেদন।

১।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম	:	মোঃ আশরাফ হোসেন।
২।	পদবী	:	প্রধান প্রকৌশলী (ওএন্ডএম), আরপিসিএল।
৩।	পরিদর্শনকৃত বিদ্যুৎ কেন্দ্রের নাম ও অবস্থান	:	গাজীপুর ১০৫ মেঃওঃ ও ৫২ মেঃওঃ পাওয়ার প্লান্ট, কড্ডা, গাজীপুর।
৪।	পরিদর্শনের তারিখ	:	১৭/১০/২০২০ খ্রিঃ।
৫।	পরিদর্শনের সার-সংক্ষেপ	:	

- ১০৫ মেঃওঃ প্লান্টের পরিচালন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত বিবিধ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগনের সাথে আলোচনা করা হয়।
- পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের সুবিধার্থে প্রকল্পের অধীনে প্রাপ্য যন্ত্রাংশ, ইক্যুইপমেন্ট, প্লান্ট প্রভৃতি অবিলম্বে সরবরাহ করার ইপিসি ঠিকাদারের সাথে মিটিং করার জন্য এজেন্ডা তৈরী ও যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষনের জন্য নথিতে উপস্থাপনের জন্য প্লান্ট ইনচার্জকে পরামর্শ প্রদান করা হয়।
- ১০৫ মেঃওঃ ও ৫২ মেঃওঃ প্লান্টের অফবেজ কুলারগুলিতে অটোমুভ্যাবল ক্লিনিং ডিভাইস স্থাপনের স্থাপনের সম্ভাব্যতা যাচাই করা হয়।
- ১০৫ মেঃওঃ প্লান্টের রুফ টপে স্থাপনাধীণ ৩০ কিঃওঃ সোলার পাওয়ার সিষ্টেমটি পরিদর্শন করা হয়।
- প্লান্টের নিরাপত্তা কর্মীদেরকে স্ব-স্বস্থানে সতর্ক অবস্থায় দায়িত্ব পালন করতে দেখা যায়।

১৪/১০/২০২০
(মোঃ আশরাফ হোসেন))
প্রধান প্রকৌশলী (ওএন্ডএম)
আরপিসিএল-সদর দপ্তর, ঢাকা।

রুরাল পাওয়ার কোম্পানী লিঃ
বাড়ী # ১৯, রোড # ১বি
সেক্টর # ৯, উত্তরা, ঢাকা ।

বিষয়ঃ পরিদর্শন প্রতিবেদন।

১।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম	:	মোঃ আশরাফ হোসেন।
২।	পদবী	:	প্রধান প্রকৌশলী (ওএন্ডএম), আরপিসিএল।
৩।	পরিদর্শনকৃত বিদ্যুৎ কেন্দ্রের নাম ও অবস্থান	:	ময়মনসিংহ ২১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার ষ্টেশন, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ।
৪।	পরিদর্শনের তারিখ	:	৩১/১০/২০২০ খ্রিঃ।
৫।	পরিদর্শনের সার-সংক্ষেপ	:	

- ❖ এমপিএস-এর জন্য নব- নির্মিত ১২ ইঞ্চি তিতাস গ্যাস আর এম এস পরিদর্শন করা হয়।
- ❖ এমপিএস-এর জন্য নির্মিত ১২ ইঞ্চি গ্যাস পাইপ লাইনের তিতাস রঘুরাম ভাল্ব ষ্টেশন পরিদর্শন করা হয়
- ❖ ১২ ইঞ্চি গ্যাস পাইপ লাইনের রুটসমূহ সরেজমিনে পরিদর্শন করা হয়।
- ❖ তিতাস গ্যাসের দিগারকান্দা আর এম এস-এর পাওয়ার স্টেশনের জন্য সংযোগকৃত অংশ পরিদর্শন করা হয়।
- ❖ প্রশাসন ভবনের বাইরের দেওয়ালে নতুনভাবে টাইলস স্থাপনের কাজ চলমান দেখা যায় ।
- ❖ ওয়ার্ক-শপে গাদাগাদি করে বিভিন্ন ধরনের মালামাল রক্ষিত অবস্থায় দেখা যায় ।যা সুষ্ঠু ও নিরাপদ কর্ম-পরিবেশের উপযোগী নয় । এক্ষেত্রে নতুন ষ্টোরেজ স্পেস নির্মাণ সমস্যাটির সমাধান হতে পারে।
- ❖ বিদ্যুৎ কেন্দ্রের উর্ধতন কর্মকর্তাগণের সাথে পরিচালন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত নানাবিধ বিষয়ে আলোচনা করা হয়।
- ❖ প্লান্টের নিরাপত্তা কর্মীদেরকে স্বস্বস্থানে সতর্ক অবস্থায় দায়িত্ব পালন করতে দেখা যায়।

31/10/2020
(মোঃ আশরাফ হোসেন))
প্রধান প্রকৌশলী (ওএন্ডএম)
আরপিসিএল

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ী # ১৯, রোড # ১বি, সেক্টর # ৯,
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

বিষয়ঃ গাজীপুর ১০৫ মেঃওঃ HFO পাওয়ার প্লান্ট ও গাজীপুর ৫২ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট পরিদর্শন প্রতিবেদন।

১।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম	:	প্রকৌশলী মোঃ সেলিম ভূঁইয়া, পিইঞ্জ।
২।	পদবী	:	নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল।
৩।	পরিদর্শনকৃত বিদ্যুৎ কেন্দ্রের নাম ও অবস্থান	:	গাজীপুর ১০৫ মেঃওঃ HFO পাওয়ার প্লান্ট ও গাজীপুর ৫২ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট, কড্ডা, গাজীপুর।
৪।	পরিদর্শনের তারিখ	:	২১/১১/২০২০ খ্রিঃ।
৫।	পরিদর্শনের সার-সংক্ষেপ	:	

নিম্ন-স্বাক্ষরকারী কর্তৃক ২১ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে গাজীপুর ১০৫ মেঃওঃ HFO পাওয়ার প্লান্ট ও গাজীপুর ৫২ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব), উপ-মহাব্যবস্থাপক (হিসাব/অর্থ), প্লান্ট ইনচার্জসহ অপরাপর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

- গাজীপুর ৫২ মেঃওঃ এবং গাজীপুর ১০৫ মেঃওঃ পাওয়ার প্লান্ট এর ইঞ্জিনসমূহ সচল আছে এবং NLDC এর চাহিদা মোতাবেক জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে।
- প্ল্যান্টের ভূমি উন্নয়ন কাজ সরেজমিন পরিদর্শন করা হয়। বাঁধ নির্মাণের লক্ষ্যে সাইট ক্লিনিং ওয়ার্ক এবং প্ল্যান্টের চর্তুদিকে ড্রেনেজ লাইন নির্মাণের কাজ চলমান আছে।
- পাওয়ার প্ল্যান্ট এর ফুয়েল আনলোডিং এর লক্ষ্যে জেটি নির্মাণের কাজটি 3rd Party প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পন্ন করতঃ ইপিসি ঠিকাদার এর বিল হতে সমন্বয়ের নির্দেশনা প্রদান করা হয়।
- ফর্ক লিফট্ সরবরাহসহ অন্যান্য পেন্ডিং ইস্যু নিয়ে ইপিসি ঠিকাদারের সাথে আলোচনার জন্য একটি সভা আয়োজনের বিষয়ে পত্র প্রদানের জন্য প্ল্যান্ট ইনচার্জকে পরামর্শ প্রদান করা হয়।
- চুক্তি অনুযায়ী অনিষ্পন্ন কাজ সমূহের তালিকা এবং Outstanding Invoice এর তালিকা প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- আসন্ন শুষ্ক মৌসুমে গাজীপুর ৫২ মেঃওঃ এবং ১০০ মেঃওঃ পাওয়ার প্ল্যান্টে স্থাপিত সোলার প্যানেল হতে পূর্ণমাত্রায় বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে নিয়মিত ভিত্তিতে পরিষ্কার-পরিচ্ছন্ন কার্য্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- যে কোন প্রতিকূল পরিস্থিতি মোকাবেলায় স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, গোয়েন্দা সংস্থা ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে যোগাযোগ রক্ষা করাসহ প্রয়োজনে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার নির্দেশনা প্রদান করা হয়।

২১/১১/২০২০

(প্রকৌশলী মোঃ সেলিম ভূঁইয়া, পিইঞ্জ)
নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল।

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ী # ১৯, রোড # ১বি, সেক্টর # ৯,
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

বিষয়ঃ রাউজান ২৫ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট পরিদর্শন প্রতিবেদন।

১।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম	:	জনাব মোঃ আবদুস সবুর।
২।	পদবী	:	ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল।
৩।	পরিদর্শনকৃত বিদ্যুৎ কেন্দ্রের নাম ও অবস্থান	:	রাউজান ২৫ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট, রাউজান, চট্টগ্রাম।
৪।	পরিদর্শনের তারিখ	:	১১/১২/২০২০ খ্রিঃ।
৫।	পরিদর্শনের সার-সংক্ষেপ	:	

নিম্ন-স্বাক্ষরকারী কর্তৃক ১১ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে রাউজান ২৫ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্লান্ট ইনচার্জসহ অন্যান্য কর্মকর্তা এবং নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার এর পিসি ও সিকিউরিটি সুপারভাইজারদের সাথে মতবিনিময় করা হয়।

- বিদ্যুৎ কেন্দ্র সমূহের আংগিনাসহ গুরুত্বপূর্ণ স্থানে সিসিটিভি (আইপিসহ) ক্যামেরা স্থাপন, হ্যান্ড মেটাল ডিটেক্টর দ্বারা দেহ তল্লাশি, ভেহিক্যাল সার্চ মিরর দ্বারা যানবাহন তল্লাশীসহ রাত্রি কালীন পর্যাপ্ত Security Light এর ব্যবস্থা নিশ্চিত করার জন্য প্লান্ট ইনচার্জকে নির্দেশনা প্রদান করা হয়।

- রাউজান ২৫ মেঃওঃ পাওয়ার প্লান্ট এর ৩টি ইঞ্জিন সচল আছে এবং NLDC এর চাহিদা মোতাবেক জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে।

- করোনা অতিমারিতে সারা বিশ্বে মৃত্যুর সংখ্যা প্রায় সাড়ে ১৬ লক্ষ এবং আক্রান্তের সংখ্যা প্রায় সাড়ে সাত কোটি। তাছাড়া আমাদের দেশে মৃত্যুর সংখ্যা প্রায় ৭ হাজার এবং আক্রান্তের সংখ্যা চার লক্ষ পঁচাত্তর হাজার ছাড়িয়েছে। পাওয়ার প্ল্যান্টে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে চলতি শীত মৌসুমে আরো সচেতন এবং সতর্ক থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সকলকে মাস্ক পরিধান করার জন্য এবং কোভিড ১৯ প্রতিরোধ ও প্রতিকারকল্পে সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করার বিষয়ে সকলকে পরামর্শ প্রদান করা হয়।

- প্লান্টের সার্বিক নিরাপত্তা বিধানের বিষয়টি গুরুত্বপূর্ণ বিধায় তা অগ্রাধিকার হিসেবে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে। Power Plant এর ভিজিলেন্স টিমের মাধ্যমে নিরাপত্তা ব্যবস্থা নিয়মিতভাবে মনিটরিং (যেমনঃ আনসার সদস্যবৃন্দ অস্ত্রসহ ডিউটিতে আছে কি-না, অথবা রোস্টার মোতাবেক পূর্ব নির্ধারিত স্থানে ডিউটিতে নিয়োজিত আছে কি-না এবং ওয়াচ টাওয়ারসমূহের পরিবেশ ঠিক আছে কি-না) ও নিশ্চিত করার জন্য Plant Incharge কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। শিফট ইনচার্জ ও শিফটে নিয়োজিত প্রকৌশলীদের/ ডরমেটরীতে অবস্থানরত কর্মকর্তাদের দিয়ে পালাক্রমে সরকারি ছুটি/ সাপ্তাহিক ছুটি এবং রাত্রিকালীন পালায় প্লান্ট এর সকল সিকিউরিটি পোস্ট ও গেইট পরির্দশন ও নিবিড়ভাবে তত্ত্বাবধান করার নির্দেশনা দেয়া হয়।

- তাছাড়া বিদ্যুৎ কেন্দ্রের সিসিটিভি সমূহে প্রত্যহ ধারণকৃত Record সমূহ পরবর্তী কার্যদিবসের শুরুতেই পর্যালোচনা পূর্বক নির্দিষ্ট ফরমে লিপিবদ্ধ করার জন্য প্লান্ট ইনচার্জগণকে নির্দেশনা প্রদান করা হয়। প্ল্যান্ট ইনচার্জ প্রয়োজন অনুসারে ডেপুটি ইনচার্জ/ প্রশাসন বিভাগের কর্মকর্তাদের দিয়ে পূর্বের দিনের রেকর্ড সমূহ পর্যালোচনা এবং রেকর্ড সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন। আইপি ক্যামেরাসমূহে ধারণকৃত দৈনন্দিন রেকর্ড পর্যালোচনাপূর্বক কোন অসংগতি পরিলক্ষিত হলে, তা তাৎক্ষনিকভাবে নিরসনে পদক্ষেপ গ্রহণের জন্য প্লান্ট ইনচার্জগনকে নির্দেশনা প্রদান করা হয়।

- এছাড়া স্থানীয় জেলা/উপজেলা প্রশাসন, পৌরমেয়র/কাউন্সিলর, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ গনমান্য ব্যক্তিবর্গের সাথে সু-সম্পর্ক বজায় রাখার স্বার্থে তাদেরকে মাঝে মধ্যে চা-চক্রে আমন্ত্রণ জানানোসহ প্রযোজ্যক্ষেত্রে বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করানোর বিষয়ে তাগিদ দেয়া হয়।

১১/১২/২০২০
(মোঃ আবদুস সবুর)
ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল।

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ী # ১৯, রোড # ১বি, সেক্টর # ৯,
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

বিষয়ঃ গাজীপুর ১০৫ মেঃওঃ HFO পাওয়ার প্লান্ট ও গাজীপুর ৫২ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট পরিদর্শন প্রতিবেদন।

১।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম	:	প্রকৌশলী মোঃ সেলিম ভূঁইয়া, পিইঞ্জ।
২।	পদবী	:	নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল।
৩।	পরিদর্শনকৃত বিদ্যুৎ কেন্দ্রের নাম ও অবস্থান	:	গাজীপুর ১০৫ মেঃওঃ HFO পাওয়ার প্লান্ট ও গাজীপুর ৫২ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট, কড্ডা, গাজীপুর।
৪।	পরিদর্শনের তারিখ	:	২৬/১২/২০২০ খ্রিঃ।
৫।	পরিদর্শনের সার-সংক্ষেপ	:	

নিম্ন-স্বাক্ষরকারী কর্তৃক ২৬ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে গাজীপুর ১০৫ মেঃওঃ HFO পাওয়ার প্লান্ট ও গাজীপুর ৫২ মেঃওঃ ডুয়েল-ফুয়েল পাওয়ার প্লান্ট পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্লান্ট ইনচার্জসহ অপরাপর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। পরবর্তীতে গাজীপুর পাওয়ার প্ল্যান্টের সম্মেলন কক্ষে উপ-বিভাগীয় প্রকৌশলী ও তদুর্ধ্ব কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় এবং নিম্নোক্ত বিষয়ে আলোচনা করা হয়ঃ-

- গাজীপুর ৫২ মেঃওঃ এবং গাজীপুর ১০৫ মেঃওঃ পাওয়ার প্লান্ট এর ইঞ্জিনসমূহ সচল আছে এবং NLDC এর চাহিদা মোতাবেক জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে।
- প্ল্যান্টের চর্তুদিকে ড্রেনেজ লাইন নির্মাণের কাজ চলমান আছে। সিভিল বিভাগের লোকজনের মাধ্যমে তদারকী নিশ্চিত করা এবং গুণগতমান নিশ্চিত করার জন্য প্ল্যান্ট ইনচার্জকে নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া চলমান পূর্ত রক্ষণাবেক্ষণ কাজসমূহ দ্রুততম সময়ের মধ্যে শেষ করার জন্য প্ল্যান্ট ইনচার্জকে নির্দেশনা প্রদান করা হয়েছে।
- উক্ত পাওয়ার প্ল্যান্ট এর সাব স্টেশন থেকে পিজিসিবি'র সাবস্টেশনে 2nd Feeder এর সংযোগ স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় Shutdown গ্রহণ এবং ঠিকাদারী প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত যথাযথ প্রক্রিয়া গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- ফুয়েল আনলোডিং এর লক্ষ্যে জেটি নির্মাণের কাজটি 3rd Party প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যে কাজ শুরু করা হয়েছে। যা ইপিসি ঠিকাদার এর বিল হতে সমন্বয় করা হবে।
- তাছাড়া ফর্ক লিফট্ ক্রয়ের জন্য টেন্ডার আহ্বান প্রক্রিয়াধীন আছে। পেন্ডিং ইস্যু নিয়ে ইপিসি ঠিকাদারের সাথে অন লাইনের মাধ্যমে একটি সভা আয়োজনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য প্ল্যান্ট ইনচার্জকে পরামর্শ প্রদান করা হয়।
- নিয়মিত রক্ষণাবেক্ষণ এর মাধ্যমে প্ল্যান্টের সর্বোচ্চ উৎপাদন নিশ্চিতকরণে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার জন্য সকল কর্মকর্তা-কর্মচারীর প্রতি উদাত্ত আহ্বান জানানো হয়।
- গাজীপুর ৫২ মেঃওঃ এবং ১০০ মেঃওঃ পাওয়ার প্ল্যান্টে স্থাপিত সোলার প্যানেল হতে পূর্ণমাত্রায় বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে নিয়মিত ভিত্তিতে পরিষ্কার-পরিচ্ছন্ন কার্য্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য অঙ্গীভূত আনসার সদস্য, প্রাইভেট সিকিউরিটি ও আরপিসিএল এর সিকিউরিটি সুপারভাইজারদের সাথে এবং স্থানীয় প্রশাসন (উপজেলা নির্বাহী অফিসার/থানার ওসি), জনপ্রতিনিধি (মেয়র/চেয়ারম্যান/ কাউন্সিলর/মেম্বার/ গণ্যমান্য ব্যক্তি) এর সাথে নিয়মিতভাবে যোগাযোগ ও সভা করার জন্য প্লান্ট ইনচার্জকে পরামর্শ প্রদান করা হয়।

(প্রকৌশলী মোঃ সেলিম ভূঁইয়া, পিইঞ্জ)
নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল।

রুরাল পাওয়ার কোম্পানী লিঃ
বাড়ী # ১৯, রোড # ১বি
সেক্টর # ৯, উত্তরা, ঢাকা।

বিষয়ঃ পরিদর্শন প্রতিবেদন।

১।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম	:	মোঃ আশরাফ হোসেন।
২।	পদবী	:	প্রধান প্রকৌশলী (ওএন্ডএম), আরপিসিএল।
৩।	পরিদর্শনকৃত বিদ্যুৎ কেন্দ্রের নাম ও অবস্থান	:	আরপিসিএল গাজীপুর ৫২ মেঃওঃ ডুয়াল ফুয়েল পাওয়ার প্লান্ট ও ১০৫ মেঃওঃ পাওয়ার প্লান্ট প্রকল্প, কড্ডা , গাজীপুর
৪।	পরিদর্শনের তারিখ	:	২৮/১২/২০২০ খ্রীঃ।
৫।	পরিদর্শনের সার-সংক্ষেপ	:	

- ❖ এনএলডিসি-এর চাহিদা মোতাবেক প্লান্টগুলি চালু অবস্থায় দেখা যায়।
- ❖ ৫২ মেঃওঃ প্লান্টের ১১/৩৩ কেভি সাব-স্টেশনে নতুন কন্ডাক্টর ও ফিটিংস স্থাপন করা হয়েছে দেখা যায়। তবে কিছু কন্ট্রোল ক্যাবল উন্মুক্ত অবস্থায় দেখা যায় যা ঢেকে রাখার ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট প্রকৌশলী পরামর্শ প্রদান করা হয়।
- ❖ ৫২ মেঃওঃ প্লান্টের এইচএফও আনলোডিং স্টেশনে ফুয়েল মেজারিং করার জন্য পাইপ ফেব্রিকেশনের কাজ চলমান দেখা যায়। সংশ্লিষ্ট কর্মকর্তাগনকে যথাযথ সেফটি মেনে কাজ করার পরামর্শ প্রদান করা হয়।
- ❖ পিজিসিবি-এর ১৩২/৩৩ কেভি- স্টেশনে ১০৫ মেঃওঃ প্লান্টকে ২য় বাসের সাথে সংযুক্ত ও সংশ্লিষ্ট প্রটেকশন রিলে কমিশনিং করার বিষয়ে তথ্য সংগ্রহের জন্য সাবস্টেশনটি সরেজমিনে পরিদর্শন করা হয়।
- ❖ প্লান্টগুলির স্টোরেজ ট্যাংকে সন্তোষজনক পরিমান এইচএফও মজুদ রয়েছে দেখা যায়।
- ❖ ঠিকাদার কর্তৃক এইচএফও স্টোরেজ ট্যাংক-১ এর রং করার কাজ চলমান দেখা যায়।
- ❖ অধিগ্রহনকৃত ভূমিতে ঠিকাদার কর্তৃক ট্রাক দ্বারা মাটি ভরাট ও পে-লোডার দ্বারা কম্প্যাক্টিংকরার কাজ চলমান দেখা যায়।
- ❖ প্লান্টের সুষ্ঠু ও নিরবচ্ছিন্ন অপারেশন নিশ্চিত করার জন্য সংশ্লিস্ট কর্মকর্তাগনকে পরামর্শ প্রদান করা হয়।

29/12/2020
(মোঃ আশরাফ হোসেন)
প্রধান প্রকৌশলী (ওএন্ডএম)
আরপিসিএল সদর দপ্তর, ঢাকা।

Attachment: 11.1

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ি # ১৯, সড়ক # ১/বি, সেক্টর # ৯
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
মানব সম্পদ ও প্রশাসন বিভাগ
www.rpcl.gov.bd

স্মারক নম্বর: ২৭.২৬.০০০০.০০৫.২২.০০৩.২০.৬০৯

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪২৭
১৮ নভেম্বর ২০২০

বিষয়: **কোভিড-১৯ (দ্বিতীয় পর্যায়)-এর বিস্তার মোকাবিলায় মাস্ক পরিধান নিশ্চিতকরণ।**

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ (দ্বিতীয় পর্যায়) এর বিস্তার মোকাবিলায় মন্ত্রণালয়/ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/ পরিদপ্তর/ সংস্থার সকল কর্মকর্তা/ কর্মচারীর মাস্ক পরিধান নিশ্চিত করা সংক্রান্ত স্বাস্থ্য সেবা বিভাগ হতে জারীকৃত পত্রটি সংযুক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিদ্যুৎ বিভাগ (প্রশাসন-১ অধিশাখা) এর স্মারক নং- ২৭.০০. ০০০০. ০৪১.০৩১.৩২.১৩.৫৯৪, তারিখঃ ০৫ নভেম্বর ২০২০ এর মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

বিদ্যুৎ বিভাগের উপরোক্ত নির্দেশনার আলোকে কোভিড-১৯ (দ্বিতীয় পর্যায়)-এর বিস্তার মোকাবিলায় অত্র কোম্পানীর **সকল কর্মকর্তা/ কর্মচারীদের বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করার জন্য অনুরোধ জানানো হলো।**

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।

১৮-১১-২০২০
মোঃ মাহবুবুর রহমান
মহাব্যবস্থাপক
ফোন: ০২-৪৮৯৫৮৩৫৯
ইমেইল: gmhr@rpcl.gov.bd

অনুলিপিঃ
১) ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, ঢাকা।
২) মানব সম্পদ বিভাগ, আরপিসিএল, ঢাকা।
৩) অফিস/ মাষ্টার কপি।

স্মারক নম্বর: ২৭.২৬.০০০০.০০৫.২২.০০৩.২০.৬০৯/১(৭)

তারিখ: ৩ অগ্রহায়ণ ১৪২৭
১৮ নভেম্বর ২০২০

বিতরণঃ (সকল কর্মকর্তা/ কর্মচারীদের অবহিত করাসহ প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
১) নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল, ঢাকা।
২) নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব), আরপিসিএল, ঢাকা।
৩) প্রধান প্রকৌশলী, পটুয়াখালী সাইট অফিস, আরপিসিএল, পটুয়াখালী।
৪) কোম্পানী সচিব, আরপিসিএল, ঢাকা।
৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস, ময়মনসিংহ।
৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্ল্যান্ট ইনচার্জ, গাজীপুর (৫২ ও ১০৫ মেঃওঃ) বিদ্যুৎ কেন্দ্র, গাজীপুর।
৭) নির্বাহী প্রকৌশলী ও প্ল্যান্ট ইনচার্জ, আরপিপি, রাউজান, চট্টগ্রাম।

১৮-১১-২০২০
কামাল হোসেন
উপ-মহাব্যবস্থাপক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ।
প্রশাসন-১ অধিশাখা
www.powerdivision.gov.bd

স্মারক নম্বর-২৭.০০.০০০০.০৪১.০৩১৩২.১৩-৫৭৪

তারিখঃ ২০ কার্তিক ১৪২৭ / ০৫ নভেম্বর ২০২০

পত্রের ছায়ালিপি অবগতির ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। চেয়ারম্যান, জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি), ঢাকা।
০২। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)।
০৩। প্রধান বিদ্যুৎ পরিদর্শক, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, ঢাকা।
০৪। রেক্টর, বাংলাদেশ পাওয়ার ম্যানেজম্যান্ট ইনস্টিটিউট, ঢাকা।
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৭। মহাপরিচালক, পাওয়ার সেল।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ, ঢাকা।
০৯। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ।
১০। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিঃ।
১১। ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিঃ।
১২। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানি লিঃ।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিঃ।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, রুরাল পাওয়ার কোম্পানি লিঃ।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ- ভারত ফ্রেন্ডশীপ পাওয়ার কোম্পানি লিঃ।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, বি- আর পাওয়ারজেন লিঃ।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) ফর্দ।

১১/১১/২০২০

(তাহমিনা ইয়াসমিন)
উপসচিব
ফোন: ৯৫১৩৩৬৪
E-mail:dsadmin@pd.gov.bd

জ্ঞাতার্থে অনুলিপিঃ

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
০২। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ (পত্রটি দপ্তর/সংস্থায় ই- মেইলযোগে প্রেরণের অনুরোধ করা হলো)।
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
০৪। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০৩.২০.৬৩৯

তারিখ: ৩ কার্তিক ১৪২৭
১৯ অক্টোবর ২০২০

বিষয়: **কোভিড-১৯ (দ্বিতীয় পর্যায়)-এর বিস্তার মোকাবিলায় মাস্ক পরিধান নিশ্চিতকরণ-সংক্রান্ত।**

সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগের ১৮ অক্টোবর ২০২০ তারিখের ৪৫.১৭০.০০১.০০.০০.০০২.২০২০-৩৪৯ সংখ্যক আধা-সরকারি পত্র।

কোভিড-১৯ বিস্তার রোধে অন্যান্য পদক্ষেপের পাশাপাশি মাস্ক পরিধানের বাধ্যবাধকতা আরোপ করে স্বাস্থ্য সেবা বিভাগ হতে পরিপত্র জারি করা হয় (কপি সংযুক্ত)। সম্প্রতি বিভিন্ন প্রচার মাধ্যমে প্রকাশিত ও পরিবেশিত তথ্যমতে মাস্ক ব্যবহার সংক্রান্ত পরিপত্রটি বাস্তবায়নে কিছুটা শৈথিল্য পরিলক্ষিত হচ্ছে। সম্ভাব্য দ্বিতীয় ঢেউয়ে কোভিড-১৯ বিস্তার মোকাবিলায় মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীর মাস্ক পরিধান নিশ্চিত করা সংক্রান্ত স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রাপ্ত আধা-সরকারি পত্র এইসঙ্গে প্রেরণ করা হলো।

০২। বর্ণিত অবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীর মাস্ক পরিধান নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-১০-২০২০
মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব
ফোন: ৯৫৪০৯৭১
ইমেইল:
general_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০৩.২০.৬৩৯/১(২)

তারিখ: ৩ কার্তিক ১৪২৭
১৯ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ

১৯-১০-২০২০
মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি,ও নং-৪৫.১৭০.০০১.০০.০০.০০২.২০২০- ৩৪৯

তারিখঃ ১৮.১০.২০২০ খ্রিঃ

শ্রদ্ধেয় মহোদয়,

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, কোভিড-১৯ বিস্তার রোধে অন্যান্য পদক্ষেপের পাশাপাশি গত ২১-০৭-২০২০ খ্রিঃ তারিখের নং-৪৫.১৭০.০০১.০০.০০.০০২.২০২০-১৯৯ স্মারকে স্বাস্থ্য সেবা বিভাগ থেকে মাস্ক পরিধানের বাধ্যবাধকতা আরোপ করে একটি পরিপত্র জারি করা হয়। সম্প্রতি বিভিন্ন প্রচার মাধ্যমে প্রকাশিত ও পরিবেশিত তথ্যমতে মাস্ক ব্যবহার সংক্রান্ত পরিপত্রটি বাস্তবায়নে কিছুটা শৈথিল্য পরিলক্ষিত হচ্ছে। সম্ভাব্য ২য় ঢেউয়ে কোভিড-১৯ বিস্তার মোকাবেলায় সকল দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান ও সংগঠন প্রধানগণকে স্ব-স্ব প্রতিষ্ঠানে মাস্ক পরিধান নিশ্চিত করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নির্দেশনা প্রদানের জন্য আপনাকে সবিনয় অনুরোধ করছি।

গভীর শ্রদ্ধান্তে —

১৫.১০.২০২০
(মো. আবদুল মান্নান)

জনাব খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মন্ত্রিপরিষদ বিভাগ
অতিরিক্ত সচিবের দপ্তর

অতিরিক্ত সচিব	সমন্বয়
অতিরিক্ত সচিব	সংস্কার
অতিরিক্ত সচিব	জেমাপ্র
অতিরিক্ত সচিব	প্রশাঃ/বিবি
অতিরিক্ত সচিব	কঃ ও অঃ
অতিরিক্ত সচিব	মসরি
উপসচিব	সমন্বয়-১
ব্যক্তিগত কর্মকর্তা	
ডায়েরী নম্বর	১০০
তারিখ	১৮/১০/২০
স্বাক্ষর	

সাধারণ অধিশাখা
ডায়রি নং ৯৩২
তারিখ: ১৮/১০/২০
☐ .....তারিখের মধ্যে উপস্থাপন করুন
☐ আলোচনা করুন
☐ সংশ্লিষ্ট নথিতে রাখুন
☐ গার্ড ফাইলে রাখুন
☐ কার্যক্রম নাই
প্রশাসনিক কর্মকর্তা
উপসচিব

জরুরি!!
উপসচিব (সমন্বয়)
নির্দেশ মোতাবেক
যথাপ্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।
১৮.১০.২০২০